সমকাল

তারিখ ... 08 SEP 2015 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

# ছাত্রী উত্ত্যক্তে বাধা দেওয়ায় বরিশালে কলেজে হামলা

■ বরিশাল ও রাজশাহী ব্যুরো

ছাত্রীদের উত্ত্যক্তে বাধা দেওয়ায় বরিশালে একটি কলেজে হামলা চালিয়েছে বখাটেরা। এ ঘটনায় একজনকে আটক করেছে পুলিশ। এদিকে, জেলার বাবুগঞ্জে এক ছাত্রীকে যৌন হয়রানির প্রতিবাদ করায় তার বাবাকে মারধর করে কয়েকজন যুবক। বাবার অভিযোগে একজনকে গ্রেফতার করেছে পুলিশ। ঐ ছাড়া রাজশাহীর গোদাগাড়ীতে এক বখাটেকে ছয় মাসের সাজা দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। সব ঘটনাই গতকাল সোমবারের।

**বাবুগঞ্জে বখাটে গ্রেফতার গোদাগাড়ীতে সাজা**

জানা যায়, বরিশাল নগরীর সিটি কলেজে হামলা চালিয়ে অফিসকক্ষ থেকে ২৫ হাজার টাকা ছিনিয়ে নেয় বখাটেরা। এ ঘটনায় জড়িত সন্দেহে রুবেল (১৯) নামের একজনকে আটক করেছে পুলিশ। সোমবার বেলা ১১টার দিকে সদর রোডসংলগ্ন সিটি কলেজ ক্যাম্পাসে এ হামলার ঘটনা ঘটে। আটক রুবেল সদর রোড এলাকার হোটেল ব্যবসায়ী মো. আলাউদ্দিনের ছেলে।

সিটি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ সজীব কুমার দেবনাথ জানান, বেশ কয়েকজন যুবক প্রায়ই কলেজের ফটকে আড্ডা দিয়ে মেয়েদের উত্ত্যক্ত করে। গতকাল এ ঘটনায় প্রতিবাদ করলে বখাটেরা তার সঙ্গে খারাপ আচরণ করে। বিষয়টি দেখতে পেয়ে কলেজের অফিস সহকারী এস এম সাইদুর রহমান দৌড়ে এসে ঘটনা সম্পর্কে জানতে চাইলে তাকেও অপদস্থ করা হয়। এ নিয়ে বাকবিতণ্ডার একপর্যায়ে ইয়াসিন হোসেন জুয়েল, বাপ্পা, রুবেলসহ অজ্ঞাত বেশ কয়েকজন উত্ত্যক্তকারী কলেজে হামলা চালায়। এ সময় তারা ২৫ হাজার টাকাও ছিনতাই করে নিয়ে যায়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে রুবেল নামের একজনকে আটক করে থানায় নিয়ে যায়। এ ঘটনায় কলেজ কর্তৃপক্ষ থানায় মামলা করবে বলে জানান অধ্যক্ষ। ঘটনাস্থল পরিদর্শন করা কোতোয়ালি মডেল থানার এসআই দেলোয়ার হোসেন জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয়।

এদিকে, জেলার বাবুগঞ্জ উপজেলার খানপুরায় প্রকাশ্য রাস্তায় নবম শ্রেণীর এক ছাত্রীর হাত ধরে টানাটানি এবং এর প্রতিবাদ করায় ওই ছাত্রীর বাবাকে মারধর করে শাহিন হাওলাদার নামের এক বখাটে। শনিবারের এ ঘটনার পর সোমবার লাঞ্ছিত বাবার অভিযোগ পেয়ে শাহিন হাওলাদারকে গ্রেফতার করেছে বিমানবন্দর থানা পুলিশ। অন্যদিকে, রাজশাহীর গোদাগাড়ীতে স্কুলছাত্রীকে উত্ত্যক্ত করায় জনি (১৮) নামের এক বখাটেকে ছয় মাসের কারাদণ্ডের আদেশ দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। গতকাল সোমবার দুপুরে সুলতানগঞ্জ উচ্চ বিদ্যালয়ের সামনে থেকে জনিকে আটক করা হয়। সাজাপ্রাপ্ত জনি চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলার দাড়িয়াপুর এলাকার ইসমাইল হোসেনের ছেলে।

গোদাগাড়ী থানার পরিদর্শক (ওসি) এস এম আবু ফরহাদ জানান, সোমবার বেলা ১১টার দিকে এক সহযোগীসহ জনি উপজেলার সুলতানগঞ্জ উচ্চ বিদ্যালয়ের সামনে দাঁড়িয়ে এক ছাত্রীকে উত্ত্যক্ত করছিল। ওই সময় ছাত্রীর সহপাঠী ও শিক্ষকরা তাকে আটক করে পুলিশে সোপর্দ করে। এ সময় তার সহযোগী পালিয়ে যায়। পরে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট খালিদ হোসেন ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে জনিকে ছয় মাসের কারাদণ্ডের আদেশ দেন। তাকে কারাগারে পাঠানো হয়েছে।